রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**শ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮

নং ৪০.০৫.২২.০০.০০.০৮.২০১৭(অংশ-২)-৩১৮—"জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালা ২০১৩" এর ৫(৭) বিধান এবং জাতীয় শিল্প স্বাস্থ্য ও সেইফটি কাউন্সিলের ৫ম, সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৭ তারিখের প্রজ্ঞাপন নং-৪০.০৫.২২.০০.০০.০৮.২০১৭(অংশ-২)-১০০২ রহিত করে উক্ত নীতিমালা বাস্তবায়নে সকল স্টেক হোল্ডার এর কাজের নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন করার নিমিত্ত ইতোপূর্বে গঠিত টেকনিক্যাল কমিটি নিম্নরূপে পুনর্গঠন করা হলো :

| ক্র: নং | নাম/পদবি | প্রতিষ্ঠান/সংস্থা | কমিটির অবস্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অতিরিক্ত মহাপরিদর্শক | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | আহ্বায়ক | |
| ২। | মহাপরিচালকের পক্ষে একজন প্রতিনিধি | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | সদস্য | পরিচালকের নিচে নয় |
| ৩। | মহাপরিচালকের পক্ষে একজন প্রতিনিধি | পরিবেশ অধিদপ্তর | সদস্য | পরিচালকের নিচে নয় |
| ৪। | পরিচালক | National Institute of Preventive and Social Medicine (NIPSOM) | সদস্য | |
| ৫। | সংশ্লিষ্ট বিভাগের প্রতিনিধি | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | সদস্য | বিশেষজ্ঞ |



মূল্য : টাকা ৪.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬। | সভাপতি | বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন | সদস্য | মালিক প্রতিনিধি |
| ৭। | সভাপতি/সাধারণ সম্পাদক | ন্যাশনাল কো–অর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কার্স এডুকেশন | সদস্য | শ্রমিক প্রতিনিধি |
| ৮। | প্রকৌশলী মোঃ হাফিজুর রহমান পিইঞ্জ, ভাইস চেয়ারম্যান | Occupational Safety Board of Bangladesh, IEB | সদস্য | বিশেষজ্ঞ |
| ৯। | ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) আবু নাঈম মোহাম্মদ শহীদুল্লাহ | সাবেক মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | সদস্য | বিশেষজ্ঞ |
| ১০। | এ. কে.এম মাছুম উল আলম, লেকচারার | Department of Occupational and Environmental Health, Bangladesh University of Health Science | সদস্য | বিশেষজ্ঞ |
| ১১। | সংশ্লিষ্ট সেক্টরের মালিক প্রতিনিধি | সংশ্লিষ্ট সেক্টর | সদস্য | মালিক প্রতিনিধি |
| ১২। | সংশ্লিষ্ট সেক্টরের শ্রমিক প্রতিনিধি | সংশ্লিষ্ট সেক্টর | সদস্য | শ্রমিক প্রতিনিধি |
| ১৩। | যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য) | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সদস্য সচিব | |

২। গঠিত টেকনিক্যাল কমিটি জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালা ২০১৩ এর ৫(৫) এবং (৮) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিতকরণে মনিটরিং এবং বাৎসরিক প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরবর্তী বৎসরের জাতীয় কর্মপরিকল্পনা চূড়ান্ত করবে এবং জাতীয় শিল্প ও নিরাপত্তা কাউন্সিলের অনুমোদনের জন্য উপস্থাপন করবে।

৩। জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালার অনুচ্ছেদ-৫ এর (৫), (৮), (৯) এর উদ্দেশ্য সাধনের জন্য গঠিত **"টেকনিক্যাল কমিটি"** বিশেষজ্ঞ ও পেশাজীবীদের দক্ষতা, অভিজ্ঞতা ও জ্ঞানের পরিপূর্ণ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় পর্যায় থেকে প্রাতিষ্ঠানিক পর্যায়ে সংশ্লিষ্ট বাস্তবায়ন প্রক্রিয়ায় তাদের সম্পৃক্ত করার জন্য প্রয়োজনে এক বা একাধিক সাব-কমিটি গঠন করতে পারবে।

৪। ক্রমিক নং **১১** ও **১২** তে উল্লিখিত সদস্যগণ শুধুমাত্র স্ব স্ব সেক্টরের সাথে সংশ্লিষ্ট কর্মকাণ্ডে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারহানা ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd